



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়

বশাব্দুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০

www.jamuka.gov.bd

বিজ্ঞপ্তি নং - ৪৮.০২.০০০০.০১৪.৩১.০০৬.২২.৫০

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

“১৯৭০ এর নির্বাচন” বিষয়ক গবেষণা সম্পাদনের জন্য গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) সম্বলিত বিজ্ঞপ্তি

(১)	মন্ত্রণালয় / বিভাগ	: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(২)	সংস্থা	: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
(৩)	আগ্রহব্যক্তকরণ আহ্বানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	: প্রকল্প পরিচালক, বশাব্দুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, কক্ষ নং- ১৩০৭, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ০২২২৬৬৬৪৪৩৮, ইমেইল: nurlaminnahid@gmail.com।
(৪)	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	: গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS)
(৫)	বাজেট এবং অর্থের উৎস	: উন্নয়ন খাত (সরকারি)
(৬)	কাজের নাম	: “১৯৭০ এর নির্বাচন” বিষয়ক গবেষণা সম্পাদন।
(৭)	আগ্রহব্যক্তকরণ আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময়	: ১২/০৪/২০২৩ দুপুর ০২:০০ টা পর্যন্ত
(৮)	গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ	: ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ ও তার মাধ্যমে আমাদের স্বাধীনতা অর্জন একদিনে সংঘটিত হয়নি। এটি বিভিন্ন কর্মসূচি ও আন্দোলনের মাধ্যমে ধাপে ধাপে এগিয়ে গিয়েছে এবং লক্ষ্যে পৌঁছেছে। আর এ সব কর্মসূচি ও আন্দোলনের মধ্যে ১৯৭০ সালের সাধারণ নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মাইলফলক। এই নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করার পরও আওয়ামী লীগের নিকট ক্ষমতা হস্তান্তর প্রক্ষেপে টালবাহানা শুরু হয়। ১৬ মার্চ ঢাকায় ক্ষমতা হস্তান্তর প্রক্ষেপে মুজিব- ইয়াহিয়া বৈঠক শুরু হয়। আলোচনার জন্য জনাব ভূট্টোও ঢাকায় আসেন। ২৪ মার্চ পর্যন্ত ইয়াহিয়া-মুজিব-ভূট্টো আলোচনা হয়। ২৫ মার্চ আলোচনা ব্যর্থ হবার পর সন্ধ্যায় ইয়াহিয়ার ঢাকা ত্যাগ করেন এবং ঐ রাতেই নিরীহ নিরস্ত বাঙালির ওপর পাকিস্তান সেনাবাহিনী ঝাঁপিয়ে পড়ে। শুরু হয় মুক্তিযুদ্ধ। প্রস্তাবিত গবেষণার মাধ্যমে ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের পটভূমি, আইনগত কাঠামো আদেশ এবং নির্বাচনী ব্যবস্থাপনা; নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলসমূহের নির্বাচনী ইশতিহার এবং তৎকালীন আর্থ-সামাজিক ও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এর তুলনামূলক বিশ্লেষণ; নির্বাচনের ফলাফল, অভিঘাত, আওয়ামী লীগের উত্থান ও বশাব্দুর একক নেতৃত্ব; এবং মহান মুক্তিযুদ্ধের পটভূমি তৈরিতে ১৯৭০ সালের সাধারণ নির্বাচন এর গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরা হবে।
(৯)	গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	: (ক) প্রয়োজনীয় যোগ্যতা: (১) আগ্রহী গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের মুক্তিযুদ্ধ/শান্তি ও যুদ্ধ/ইতিহাস বিষয়ে সফলভাবে কমপক্ষে তিনটি গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা; (২) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে ন্যূনতম পোস্ট গ্রাজুয়েশান ডিগ্রি এবং সাত বছরের গবেষণা করার অভিজ্ঞতা; (৩) গবেষণাদলের দলনেতা ও উপনেতার বাংলাদেশের প্রেক্ষিতে গবেষণাকার্য পরিচালনা ও বাস্তবায়নের অভিজ্ঞতা; এবং (৪) গবেষণা দলের মুখ্য সদস্যদের বাংলা ও ইংরেজী ভাষায় মানসম্মত গবেষণা প্রতিবেদন লেখার অভিজ্ঞতা। (খ) অতিরিক্ত যোগ্যতা: (৫) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং (৬) আগ্রহী গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের উন্নয়ন সহযোগী বা সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা।
(১০)	গবেষণা কাজ শুরু ও সমাপ্তির সম্ভাব্য তারিখ	: শুরু: ১৬/০৬/২০২৩ খ্রি., শেষ: ১৭/১২/২০২৩ খ্রি.
(১১)	অন্যান্য বিষয়াদি (প্রয়োজ্য ক্ষেত্রে)	: আগ্রহব্যক্তকরণ আবেদন একটি বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে “১৯৭০ এর নির্বাচন বিষয়ক গবেষণা সম্পাদনের জন্য আগ্রহব্যক্তকরণ আবেদন”।

বি.দ্র.: কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আগ্রহব্যক্তকরণ আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(Signature)
26.06.2023

ড. মোঃ নুরুল আমিন

প্রকল্প পরিচালক (উপসচিব)

বশাব্দুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প